




# মাইক্রোসফট পাওয়ার পয়েন্টে স্লাইড প্রিন্ট করা


মুহম্মদ আনোয়ার হোসেন ফকির  
লিড কনসালট্যান্ট, ট্রেনিং বাংলা

## প্রেজেন্টেশন প্রিন্ট করা

File মেনুস্থ Print... অপশনটি নির্বাচন করে প্রদর্শিত প্রিন্ট ডায়ালগ বক্স থেকে বিভিন্ন অপশন নির্বাচন ঠিক করে Ok বাটনে ক্লিক করলে প্রিন্ট শুরু হবে। প্রেজেন্টেশন প্রিন্ট নির্দেশনায় File > Print... নির্দেশ দিলে Print ডায়ালগ বক্সটি প্রদর্শিত হয়।



## Printer-এর নাম সিলেক্ট করা




উইন্ডোজ সিস্টেমে বিভিন্ন ধরনের প্রিন্টার ইনস্টল করা থাকতে পারে। প্রিন্ট ডায়ালগ বক্সের Printer-এর ড্রপ ডাউন লিস্টে ক্লিক করলে ইনস্টল করা সব প্রিন্টারের নামের তালিকা আসবে। কমপিউটারের সাথে সংযুক্ত প্রিন্টারটি ব্যবহার করার জন্য এর নাম এবং মডেল সিলেক্ট করতে হবে।

## Print Range নির্ধারণ

Current Slide নির্বাচন করে প্রিন্ট নির্দেশ দিলে শুধু পর্দায় সচল স্লাইডটি

প্রিন্ট হবে। Slide: অপশনটি নির্বাচন করে টেক্সট বক্সে যত সংখ্যা লেখা হবে প্রেজেন্টেশনের তত নম্বর স্লাইড প্রিন্ট হবে। যেমন- 3,7,9 লিখলে ৩নং ৭নং এবং ৯নং পর্যন্ত প্রিন্ট হবে।


## স্লাইড বা স্লাইডের Component প্রিন্ট করা



প্রেজেন্টেশনের স্লাইডে Handouts, Notes Pages ইত্যাদি থাকতে পারে। শুধু স্লাইড প্রিন্ট করতে হবে নাকি এর Handout বা Notes Pages প্রিন্ট করতে হবে, তা নির্ধারণ করার জন্য প্রিন্ট ডায়ালগ বক্সের Full Page Slides-এর ড্রপ-ডাউন বাটনে ক্লিক করতে হবে। পর্দায় ড্রপ-ডাউন লিস্ট ওপেন হবে যা প্রিন্ট করা দরকার লিস্ট থেকে তা সিলেক্ট করতে হবে।

Scale to fit paper অপশনটি সিলেক্ট থাকলে স্লাইডসমূহ পেপার সাইজের সাথে স্বয়ংক্রিয়ভাবে ফিট হয়ে প্রিন্ট হবে। Frame Slides অপশনটি সিলেক্ট থাকলে প্রিন্টেড স্লাইডস, হ্যান্ড আউট এবং নোট পেজের সাথে ফ্রেমযুক্ত হয়ে প্রিন্ট হবে। Print comments অপশনটি সিলেক্ট থাকলে সব স্লাইডের কमेंটসমূহ একাটি পেজে প্রিন্ট হবে।


## স্লাইড হ্যান্ডআউট প্রিন্ট করা



স্লাইডসমূহ দেখে দেখে প্রেজেন্টেশন করার জন্য এদেরকে প্রিন্ট করে নেয়াকে হ্যান্ডআউট বলা হয়। এ হ্যান্ডআউট হাতে থাকলে প্রেজেন্টেশন আরও সুষ্ঠু ও সুন্দরভাবে উপস্থাপন করা যায়। Slides per page অংশটিতে যে সংখ্যা দেয়া হবে প্রিন্টের সময় এক এক পেজে একত্রে সেই সংখ্যক স্লাইড প্রিন্ট হবে অর্থাৎ যদি আপনার স্লাইডে বারটি পেজ থাকে এবং আপনি এখানে ৬ সংখ্যাটি দেন তবে আপনার প্রিন্ট করা প্রতিটি পাতায় একসাথে ৬টি করে স্লাইড যুক্ত হবে এবং পুরো প্রেজেন্টেশনটি ২ পৃষ্ঠায় প্রিন্ট হয়ে যাবে।

প্রিন্ট অর্ডার হরিজন্টাল নাকি ভার্টিকেল হবে তাও নির্দিষ্ট রেডিও বাটনটি সিলেক্ট করে নির্ধারণ করে দেয়া যায়। চিত্রে ডান পাশে হ্যান্ডআউট প্রিন্ট কেমন হবে তার প্রিভিউ দেখা যাবে।

## কালার সেটিং



আপনার স্লাইডটির কালার থেমেল, গ্ল্যাচ অ্যান্ড হোয়াইটে প্রিন্ট হবে। প্রিন্ট ডায়ালগ বক্সে তা নির্ধারণ করে দেয়া যায়। এজন্য প্রিন্ট ডায়ালগ বক্সে Color/Grayscale অংশের ড্রপ-ডাউন মেনুতে ক্লিক করে উক্ত মেনু থেকে প্রয়োজনীয় অপশনটি সিলেক্ট করতে হবে [ক্লিক](#)

ফিডব্যাক : [anowar@trainingbangla.com](mailto:anowar@trainingbangla.com)